

যুগান্তর

প্রিন্ট: ১৩ মার্চ ২০২৫, ০২:৫৩ পিএম

শিক্ষাঙ্গন

সেহরিতে হলের ডাইনিং-ক্যান্টিন পরিদর্শনে শেকুবি উপাচার্য



ইমরান খান, শেকুবি

প্রকাশ: ১২ মার্চ ২০২৫, ১১:১৫ পিএম



ছবি: সংগৃহীত

পবিত্র রমজান মাসে শিক্ষার্থীদের সুবিধার্থে গভীর রাতে ডাইনিং ও ক্যান্টিন পরিদর্শনে বের হন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (শেকুবি) প্রশাসন। এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আব্দুল লতিফ, প্রক্টর অধ্যাপক ড. আরফান আলী এবং ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. মো. আশাবুল হক।

রমজান মাসে শিক্ষার্থীদের সেহরি ও ইফতারের সুবিধার্থে ক্যাম্পাসের ডাইনিং ও ক্যান্টিনগুলো খোলা রাখার উদ্যোগ নিয়েছে শেকুবি প্রশাসন। এর ধারাবাহিকতায় বুধবার রাত ২টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, প্রক্টর এবং ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক ক্যাম্পাসের বিভিন্ন ডাইনিং ও ক্যান্টিন পরিদর্শন করেন।

পরিদর্শনকালে তারা শিক্ষার্থীদের সাথে কথা বলেন এবং ডাইনিং ও ক্যান্টিনের খাবারের মান, পরিবেশ ও মূল্য সম্পর্কে খোঁজখবর নেন। শিক্ষার্থীরা প্রশাসনের এই উদ্যোগে সন্তোষ প্রকাশ করেন এবং তাদের বিভিন্ন সমস্যার কথা তুলে ধরেন। প্রশাসন শিক্ষার্থীদের সমস্যাগুলো সমাধানের আশ্বাস দেন।

শিক্ষার্থীরা জানান, তাদের চাওয়া প্রতিনিয়ত এ ধরনের অভিযান অব্যাহত থাকুক। প্রতি মাসে অন্তত একবার হলেও স্যাররা যেন ডাইনিং ও ক্যান্টিনের দিকে নজর দেন। এই ধরনের উদ্যোগ গ্রহণের জন্য শেকুবি প্রশাসন শিক্ষার্থীদের প্রশংসায় ভাসছে।

প্রক্টর অধ্যাপক ড. আরফান আলী বলেন, ‘শিক্ষার্থীদের খাবারের মান ও পরিবেশ নিশ্চিত করতে আমরা বদ্ধপরিকর। নিয়মিত পরিদর্শনের মাধ্যমে আমরা ডাইনিং ও ক্যান্টিনের মান উন্নয়নে সচেষ্ট থাকব।’

ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. মো. আশাবুল হক বলেন, ‘শিক্ষার্থীরা আমাদের পরিবারের সদস্য। তাদের যেকোনো প্রয়োজনে আমরা পাশে আছি। রমজান মাসে তাদের সেহরি ও ইফতারের যাতে কোনো অসুবিধা না হয়, সেদিকে আমরা বিশেষ খেয়াল রাখছি।’

উপাচার্য অধ্যাপক ড. মো. আব্দুল লতিফ বলেন, 'শিক্ষার্থীদের সুবিধার্থে রমজান মাসে ডাইনিং ও ক্যান্টিনগুলো খোলা রাখা হয়েছে। আমরা নিয়মিতভাবে এগুলো পরিদর্শন করছি এবং শিক্ষার্থীদের যেকোনো সমস্যা সমাধানে আমরা সর্বদা প্রস্তুত।'